

# যায়যায়দিন

তারিখ... 08-SEP-2008

সংখ্যা = ১৬০২-৪

## ৩১টি কলেজে ডিগ্রি পরীক্ষায় কেউ পাস করেনি

আবুল হোসেন গাজীপুর

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০০৭ সালের ডিগ্রি পাস পরীক্ষায় একটি সরকারি মহিলা কলেজসহ দেশের ৩১টি কলেজ থেকে কেউ পাস করেনি। কলেজগুলো হলো চাঁদপুর জেলার চাঁদপুর সরকারি মহিলা কলেজ, চুয়াডাঙ্গা জেলার চুয়াডাঙ্গা পৌর কলেজ, বরিশালের নাজিরপুর ইউনাইটেড কলেজ ও গুখিয়া আইডিয়াল কলেজ, পাবনার দেবোত্তর কলেজ, সিরাজগঞ্জের মুবিলা ইসলামপুর কলেজ, সিরাজগঞ্জের চালিতাডাঙ্গা ওমেন কলেজ ও গাজীপুর আইডিয়াল কলেজ, নওগাঁর ফয়েজ উদ্দিন মেমোরিয়াল কলেজ ও চৌরাস্তা শিবপুর বারান্দা কলেজ, রাজশাহীর মহকুতপুর খানপুর কলেজ, নবাবগঞ্জের সোনা মসজিদ বীরশ্রেষ্ঠ জাহাঙ্গীর আলম কলেজ, বগুরার ধুনট মহিলা কলেজ ও ছয়হাটা ডিগ্রি কলেজ,

রংপুরের শ্যামপুর কলেজ, বকশিগঞ্জ কলেজ ও বয়রাতি ডিগ্রি কলেজ, ঠাকুরগাঁওয়ের রানীশংকৈল ওমেনস ডিগ্রি কলেজ, পঞ্চগড় জেলার আমলাহর কলেজ, কুমিল্লার চৌয়ারা আদর্শ কলেজ, ধনুয়াখলা আদর্শ পাবলিক কলেজ, ফরিদ উদ্দিন সরকারি কলেজ, কুড়েরপাড়া আদর্শ কলেজ ও মুল্লীর হাট ডিগ্রি কলেজ, ফেনীর সাউথ-ইস্ট কলেজ, নোয়াখালীর চব জাকার ডিগ্রি কলেজ, চট্টগ্রামের হুমাকো বনানী কলেজ ও রাসুনিয়া হুসিনা জামাল মহিলা কলেজ, কিশোরগঞ্জের হাজী জাফর আলী কলেজ, মানিকগঞ্জের গড়পাড়া হাফিজ উদ্দিন মেমোরিয়াল ডিগ্রি কলেজ এবং ঢাকার আইডিয়াল কলেজ।

প্রসঙ্গত, এবার দেশের ১ হাজার ৩৮০টি কলেজ থেকে ২ লাখ ২৪ হাজার ৬০০ পরীক্ষার্থী ডিগ্রি পরীক্ষায় অংশ নিয়েছিল।